পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ৮০৮-৮১৪/শা- ২/প.

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৫
০৫ আগষ্ট ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## ২০১৭ সনের অনার্স ৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত, মানন্নোয়ন ও বিশেষ (অনিয়মিত, মানন্নোয়ন) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাতটি কলেজের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের ২০১৭ সনের ৩য় বর্ষ অনার্স বিএ, বিএসএস, বিএসসি ও বিবিএ/বিবিএস কোর্সের পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফি- এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২০০/- | ০৫/০৮/২০১৮ রবিবার থেকে ০৬/০৯/২০১৮ বৃহস্পতিবার | ০৯/০৯/২০১৮ রবিবার | ১০/০৯/২০১৮ সোমবার |
| ০২ | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৪০/- | | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | | |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত প্রতি পরীক্ষার্থী)<br>১. বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>২. কলেজে জমা হবে ২০০/- (ভর্তির সময়) | ১০০/- | | | |
| ০৫ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি'র অতিরিক্ত)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩০০/- | | | |
| ০৬ | শুধুমাত্র ইংরেজি (আবশ্যিক) পরীক্ষার্থীদের ক্ষেত্রে- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৫০০/- | | | |
| ০৭ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৪৫০/- | | | |
| ০৮ | কেন্দ্র ফি- ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ১২০/- | | | |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।**

পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

**০১. আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ৩য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম কলেজ কর্তৃপক্ষের নিকট থেকে সংগ্রহ করে পরীক্ষার্থী স্বহস্তে ফরম পূরণ করবেন। পরীক্ষার্থী আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

**০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

* ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত এবং ২য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

* ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ন হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৬ সালের তৃতীয় বর্ষে অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

* জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের তৃতীয় বর্ষ অনার্স (নিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও উক্ত পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে**। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

**বিশেষ পরীক্ষার্থীদের জন্য**

**ক) অনিয়মিত ঃ** ২০১১-২০১২ এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে অনার্স দ্বিতীয় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে এবং অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষায় নট প্রমোটেড বা অনুত্তীর্ণ হয়েছে কেবল মাত্র সে সেকল শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। উল্লিখিত শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা অনার্স দ্বিতীয় বর্ষ হতে তৃতীয় বর্ষে উত্তীর্ণ কিন্তু তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারাও অনিয়িমিত পরীক্ষার্থী হিসেবে সকল কোর্সের পরীক্ষার অংশগ্রহণ করতে পারবে।

**খ) গ্রেড উন্নয়ন ঃ**

I. ২০১০-২০১১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী নূন্যতম তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু এক বা একাধিক পত্রে F গ্রেড রয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা **শেষবারের মতো ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে**।

**পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস**
**ঢাকা বিশ্ববিদ্যালয়**
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

II. ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী নুন্যতম অনার্স দ্বিতীয় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়েছে কিন্তু অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় এক বা একাধিক পরীক্ষার কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে কেবলমাত্র সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৭ সালের অনার্স তৃতীয় বর্ষ (বিশেষ) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

০৩. **পরীক্ষার্থীদের জন্য করনীয়** ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে রেজিস্ট্রেশন কার্ড দেখে সঠিকভাবে ফরম পূরণ করে নির্ধারিত ফি-সহ **সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।** আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লেখিত বিষয় কোড (ব্যবহারিক সহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে নিজের নাম, পিতার নাম, বিষয় ও বিষয় কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের রেজাল্ট কপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৪. **কলেজের জন্য করণীয়** ঃ

**যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন জমা দিবে তাদের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত নির্দিষ্ট এক্সেল ফরমেটে Captal Letter -এ সঠিক ও নির্ভূলভাবে এন্ট্রি করে বিশ্ববিদ্যালয়ে হার্ডকপি ও সফ্‌টকপি জমা দিতে হবে।** এখানে উল্লেখ্য যে পরীক্ষার্থীদের আবেদন ফরম থেকে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশন তথ্য নির্ভূলভাবে যাচাইপূর্বক এক্সেল ফরমেটে নির্দিষ্ট সময়ের মধ্যে এন্ট্রি করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। পরীক্ষার্থীদের তথ্য প্রেরণে কোন প্রকার ভুল থাকলে তার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে। এছাড়াও ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণী যাচাই করার পর সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

০৫. **ফি জমাদানের পদ্ধতি** ঃ

২০১৭ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

**পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস**
**ঢাকা বিশ্ববিদ্যালয়**
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

০৬. **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ**

অনার্স ৩য় বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণ সময় ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১২-১৩ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে এ প্রেরণ করতে হবে। এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

**বি. দ্র.ঃ উল্লিখিত ফরম পূরণের সময়সীমার পর যে সকল বিষয়ের ফলাফল প্রকাশিত হবে সে সকল বিষয়ের শিক্ষার্থীদের মধ্যে যারা অকৃতকার্য হয়ে অথবা মানন্নোয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদেরকে পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে ফরম পূরণের সময় জানিয়ে দেওয়া হবে।**

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালদয়
Email: examcontrollera7c@du.ac.bd

৫/৮/২০১৮
05.08.2018
05.08.18